



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/11/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন নিউ ইয়র্ক সিটি সাবওয়ে সাপ্তাহিক ছুটির দিনে যাত্রী সংখ্যার নতুন রেকর্ড স্থাপন করেছে

সাবওয়েটি 28 অক্টোবর, 2023 তারিখে মহামারী পরবর্তীতে থাকা শনিবারের শীর্ষ রেকর্ড ছাড়িয়ে ডিসেম্বর 9 তারিখে 2.9 মিলিয়নেরও বেশি পেইড রাইডের রেকর্ড করা হয়েছে

OMNY সেই রাইডগুলোর উচ্চ রেকর্ড 58.5 শতাংশ জন্য দায়ী

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে, নিউ ইয়র্ক সিটি সাবওয়ে শনিবার, 9 ডিসেম্বর 2,918,691 জন পেইড যাত্রী পরিবহনের রেকর্ড করেছে যেটি আগের মহামারী পরবর্তী শেষ সপ্তাহের 28 অক্টোবরের সর্বোচ্চ সেটিকে ছাড়িয়ে গেছে। 2.9 মিলিয়ন পেইড যাত্রী পরিবহন হলো 28 অক্টোবরের রেকর্ডে ছয় শতাংশ উন্নতি এবং চার বছরের যাত্রী পরিবহনের জন্য সর্বোচ্চ সপ্তাহের শেষ দিনকে প্রতিনিধিত্ব করে।

“ছুটির দিনে নিউ ইয়র্ক হলো স্বপ্নের জায়গা এবং এটা এমন কোনো আশ্চর্যের বিষয় নয় যে বছরের এই সময়টি সাবওয়েতে যাত্রী পরিবহনের সংখ্যা বেড়ে যায়,” **গভর্নর হোকল বলেন।** “মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA) নিউ ইয়র্কবাসীদের স্বাগত জানাতে প্রস্তুত এতে কোনো সন্দেহ নেই এবং সেই সাথে আমরা পুরো সিস্টেম জুড়ে নিরাপত্তা এবং পরিষেবাতে যে বিনিয়োগ করেছি তার জন্য ভ্রমণকারীদের ধন্যবাদ।”

MTA চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জানো লিবার বলেন, “বছর শেষ করার জন্য MTA তার এগিয়ে যাওয়াকে ত্বরান্বিত করে যাচ্ছে। সাবওয়েগুলো দুই মাসেরও কম সময়ের মধ্যে দ্বিতীয়বারের মতো শনিবারের রেকর্ডটি করেছে - এবং এটা হলো যাত্রীদের কাছ থেকে পরিবহনের উপর বড় ধরনের বিশ্বাস স্থাপন করা। নিউ ইয়র্কবাসী এবং যারা ভ্রমণ করেন তাদের সামনে আরো গ্রিডলকের সময়টি আসছে এবং তারা সকলেই জানেন যে রেস্টোরাঁ, শো এবং নিউ ইয়র্ক সিটি যেগুলো অফার করেছে সে সকল দুর্দান্ত ছুটির কার্যক্রমের জন্য সাবওয়ে হলো সর্বোত্তম উপায়।”

নিউ ইয়র্ক সিটি ট্রানজিট প্রেসিডেন্ট রিচার্ড ডেভি বলেন, "সান্তা এই বছরের প্রথম দিকে এসেছিল। এই শনিবারের রেকর্ডটিতে SantaCon নিশ্চিতভাবে একটি ভূমিকা পালন করেছে এবং শহর জুড়ে ছুটির মৌসুম উদযাপন করতে অনেক মানুষ সাবওয়ে ব্যবহার করায় আমি বেশ খুশি। সকল রাইডারশিপ রেকর্ডগুলো স্পেশাল থাকার সময় যখন আমাদের একটি দারুণ শনিবার থাকে তখন এটি মানুষজন তার কাঙ্ক্ষিত স্থানে যেতে তারা যে সাবওয়ের উপর ভরসা করে সেটাই তুলে ধরে এবং সপ্তাহের শেষ দিকে আমাদের অভিজ্ঞতাকে উন্নত করার উপর ফোকাস দেওয়াটা আরো বেশি সংখ্যক যাত্রীকে আকৃষ্ট করে।"

শনিবারের রেকর্ড সাবওয়েটি সিস্টেমে ট্যাপ দ্বারা চালানো হয়েছিল - সমস্ত রাইডের 58.5 শতাংশ ট্যাপ-এন্ড-গো গ্রাহক ছিল এবং এটি এক দিনের রেকর্ড। OMNY, মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটির (Metropolitan Transportation Authority, MTA) স্পর্শবিহীন ভাড়া প্রদানের পদ্ধতি সব ধরনের পেইড সাবওয়ে রাইডের প্রায় অর্ধেককে সামগ্রিকভাবে হিসেবের আওতায় নিয়ে আসে।

ব্রক্স, ব্রুকলিন, ম্যানহাটন এবং কুইন্সে MTA এর সক্রিয় করা OMNY গ্রাহক ভেল্ডিং মেশিনগুলোর দুই দিন আগেই রাইডারশিপ এবং OMNY রেকর্ডগুলো তৈরি হয়েছিল এবং রাইডারদের OMNY কার্ড ক্রয় করার জন্য ভেল্ডিং মেশিনে নগদ অর্থ ব্যবহার করার সুযোগ রয়েছে। ক্রেডিট, ডেবিট কার্ড ও ডিজিটাল ওয়ালেটগুলোও ক্রয় করার জন্য গ্রহণ করা হয়।

OMNY কার্ডগুলো যাত্রার সময় মূল্য পরিশোধ করার জন্য এবং 7 দিনে 34.00 মার্কিন ডলারের বেশি ব্যয় না করার জন্য OMNY এর আর্থিক নমনীয়তার সুযোগ গ্রহণের আরেকটি উপায় প্রদান করে।

নিউ ইয়র্ক সিটি পরিবহন বিভাগের জারি করা গ্রিডলক সতর্কতার সময়েই রেকর্ডটি তৈরি হলো। MTA 6 ডিসেম্বর গ্রিডলকের প্রথম দিনে নিউ ইয়র্কবাসীদের সাবওয়ের সক্ষমতার কথা [স্মরণ করিয়ে](#) দেয়। সাবওয়ে আজকে যা পরিবহন করে এটির ধারণক্ষমতা সেই তুলনায় আরো 2 মিলিয়ন বেশি এবং সাম্প্রতিক মাসগুলোতে অফ-পিক আওয়ারে পরিষেবা যোগ করা হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)